# St. Francis Xavier's Girls' School & College

85, Luxmibazar, Dhaka-1100

# Parent Portal – অনলাইন পেমেন্ট গাইড

অভিভাবকদের জন্য সম্পূর্ণ ব্যবহারকারী নির্দেশিকা

সংস্করণ ২.০ । এপ্রিল ২০২৬

ওয়েবসাইট ঠিকানা

**https://sfxgsc.edu.bd**

## ১. এই নির্দেশিকা সম্পর্কে

এই নির্দেশিকাটি St. Francis Xavier's Girls' School & College-এর অভিভাবকদের জন্য তৈরি করা হয়েছে। এখানে বিস্তারিতভাবে বলা হয়েছে কিভাবে বিদ্যালয়ের ওয়েবসাইটে প্রবেশ করে সন্তানের পেমেন্ট সংক্রান্ত তথ্য দেখা যাবে এবং অনলাইনে ফি পরিশোধ করা যাবে।

## ২. Parent Portal-এ প্রবেশের নিয়ম

### ধাপ ১: ওয়েবসাইট খুলুন

যেকোনো ডিভাইস (মোবাইল, ট্যাবলেট বা কম্পিউটার) থেকে যেকোনো ব্রাউজার (Chrome, Firefox, Edge) ওপেন করুন।

1. ব্রাউজারের Address Bar-এ টাইপ করুন: sfxgsc.edu.bd
২. Enter চাপুন এবং বিদ্যালয়ের ওয়েবসাইট লোড হওয়ার জন্য অপেক্ষা করুন।

### ধাপ ২: Parents Login বাটন খুঁজুন

ওয়েবসাইটের মূল পাতায় (Homepage) "Parents Login" নামের একটি বাটন বা লিংক পাবেন।

৩. "Parents Login" বাটনে ক্লিক করুন।
৪. আপনি পেমেন্ট পোর্টালের পাতায় চলে যাবেন।

## ৩. Student ID দিয়ে তথ্য অনুসন্ধান

### ধাপ ৩: Captcha পূরণ করুন

পোর্টাল খোলার পর প্রথমে একটি নিরাপত্তা যাচাইকরণ (Google reCAPTCHA) দেখাবে।

৫. "I'm not a robot" লেখার পাশের চেকবক্সে টিক দিন।
৬. প্রয়োজন হলে ছবি যাচাইয়ের কাজটি সম্পন্ন করুন।

> ⚠ *সতর্কতা: Captcha না করলে তথ্য খোঁজা যাবে না।*

### ধাপ ৪: Student ID প্রবেশ করান

"Student ID" লেখার পাশের ঘরে আপনার সন্তানের Student ID নম্বরটি টাইপ করুন।

৭. Student ID বাক্সে ID নম্বর লিখুন।
৮. সবুজ "FIND" বাটনে ক্লিক করুন।

> 📌 *টিপ: Student ID নম্বর বিদ্যালয় থেকে প্রদত্ত পরিচয়পত্র বা ভর্তির রশিদে পাওয়া যাবে।*

## ৪. শিক্ষার্থীর তথ্য যাচাই

FIND বাটন চাপার পর পর্দায় শিক্ষার্থীর বিস্তারিত তথ্য দেখাবে। নিচের তথ্যগুলো মিলিয়ে দেখুন:

| | |
|---|---|
| **Name** | শিক্ষার্থীর পুরো নাম |
| **Section** | বিভাগ (যেমন: A, B, C, D) |
| **Roll** | রোল নম্বর |
| **Phone** | রেজিস্টার্ড ফোন নম্বর |
| **Email** | রেজিস্টার্ড ইমেইল ঠিকানা |
| **Current Registration** | বর্তমান ক্লাস ও সেশন |
| **Status** | শিক্ষার্থীর বর্তমান অবস্থা |

> ⚠ *কোনো তথ্য ভুল থাকলে অবিলম্বে বিদ্যালয়ের অফিসে যোগাযোগ করুন।*

## ৫. ফি পরিশোধের নিয়মাবলি

বিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত নিয়মগুলো সকল অভিভাবককে অবশ্যই মেনে চলতে হবে:

| নং | নিয়মাবলি |
|---|---|
| ১ | প্রতি মাসের ১ থেকে ২০ তারিখের মধ্যে মাসিক বেতন, বকেয়া ও অন্যান্য সকল ফি পরিশোধ করতে হবে। |
| ২ | নির্ধারিত তারিখের মধ্যে বেতন পরিশোধ না করলে পরবর্তী মাসে স্কুল শাখার জন্য ৫০ টাকা এবং কলেজ শাখার জন্য ১০০ টাকা জরিমানা যুক্ত হবে। |
| ৩ | কোনো ছাত্রী ৩ মাস বেতন পরিশোধ না করলে তৃতীয় মাসে পুনঃভর্তি (Re-admission) বাবদ ৫০০ টাকা তৃতীয় মাসের বেতনের সাথে যুক্ত হবে এবং তা অবশ্যই পরিশোধ করতে হবে। |
| ৪ | নভেম্বর ও ডিসেম্বর মাসের বেতন নভেম্বর মাসের নির্ধারিত তারিখের মধ্যে একসাথে পরিশোধ করতে হবে। |
| ৫ | ক্লাসে অনুপস্থিতির জরিমানা, ফরম পূরণ ফি এবং রেজিস্ট্রেশন ফি নির্ধারিত মাসেই পরিশোধ করতে হবে। |

⚠ বিশেষ সতর্কতা:

- ২০ তারিখের মধ্যে বেতন পরিশোধ না করলে ৫০ টাকা জরিমানা যুক্ত হবে।
- ৩ মাস বেতন বকেয়া থাকলে ৫০০ টাকা Re-admission ফি যুক্ত হবে।
- নভেম্বর-ডিসেম্বরের বেতন নভেম্বরেই একসাথে পরিশোধ করতে হবে।

## ৬. পেমেন্ট ইতিহাস বোঝার নমুনা (ডেমো)

নিচের ছকটি একটি উদাহরণ হিসেবে দেওয়া হয়েছে। আপনার সন্তানের পোর্টালে প্রকৃত ফি-এর পরিমাণ ভিন্ন হতে পারে। জানুয়ারি মাসে সাধারণত মাসিক বেতন, ভর্তি ফি, ICT ফি ও অন্যান্য ফি একসাথে নেওয়া হয়।

| মাস | ফি-এর বিবরণ | টাকার পরিমাণ | মোট (PAY) | অবস্থা |
|---|---|---|---|---|
| জানুয়ারি (ডেমো) | • মাসিক বেতন<br>• ভর্তি ফি<br>• ICT ফি<br>• অন্যান্য | ১,১৫০ ৳<br>৫০০ ৳<br>১৫০ ৳<br>২০০ ৳ | ২,০০০ ৳ | ✓ পরিশোধিত |

| মাস | ফি-এর বিবরণ | টাকার পরিমাণ | মোট (PAY) | অবস্থা |
|---|---|---|---|---|
| ফেব্রুয়ারি (ডেমো) | • মাসিক বেতন<br>• ICT ফি | ১,১৫০ ৳<br>১৫০ ৳ | ১,৩০০ ৳ | বকেয়া |
| মার্চ (ডেমো) | • মাসিক বেতন<br>• ICT ফি<br>• ১ম সাময়িক পরীক্ষা ফি | ১,১৫০ ৳<br>১৫০ ৳<br>৬৫০ ৳ | ৩,২৫০ ৳ | বকেয়া |
| এপ্রিল (ডেমো) | • মাসিক বেতন<br>• ICT ফি<br>• SMS ফি<br>• জরিমানা (স্কুল)<br>• জরিমানা (কলেজ) | ১,১৫০ ৳<br>১৫০ ৳<br>২০০ ৳<br>৫০ ৳<br>১০০ ৳ | ৪,৯০০ ৳ | জরিমানাসহ |

📌 *PAY কলামে যে মোট টাকা দেখাচ্ছে তা শুধু ওই মাসের নয় — সমস্ত বকেয়া মাসের মোট পরিমাণ একসাথে দেখানো হয়।*

📌 *সবুজ রঙে "✓ পরিশোধিত" মানে ঐ মাসের বিল সম্পন্ন হয়েছে।*

💡 **PAY বাটনের টাকা কিভাবে যোগ হয়?**

একাধিক মাসের বেতন বকেয়া থাকলে পোর্টাল প্রতিটি মাসের PAY বাটনে পূর্ববর্তী সকল বকেয়া যোগ করে মোট পরিমাণ দেখায়। নিচের উদাহরণটি লক্ষ করুন:

- ফেব্রুয়ারির PAY বাটন = শুধু ফেব্রুয়ারির বকেয়া (১৩০০ ৳)
- মার্চের PAY বাটন = ফেব্রুয়ারি + মার্চের বকেয়া (১৩০০ + ১,৯৫০ = ৩,২৫০ ৳)
- এপ্রিলের PAY বাটন = ফেব্রুয়ারি + মার্চ + এপ্রিল + জরিমানা সব মিলিয়ে মোট (৪,৯০০ ৳)

☑ সুতরাং সর্বশেষ মাসের **PAY** বাটনে ক্লিক করলেই সমস্ত বকেয়া একসাথে পরিশোধ হয়ে যাবে।

## ৭. অনলাইনে পেমেন্ট করার পদ্ধতি

### ধাপ ৫: PAY বাটন চেনার নিয়ম

Bill History-তে প্রতিটি মাসের পাশে বেগুনি রঙের "PAY TK. …" বাটন দেখাবে — এর মানে ওই মাস পর্যন্ত বকেয়া রয়েছে। বাটনের টাকার পরিমাণ পূর্ববর্তী সকল বকেয়ার মোট যোগফল।

| | মাস | সেই মাসের ফি | চঅণ বাটনে দেখাবে |
|---|---|---|---|
| ✓ | জানুয়ারি | ২,০০০ ৳ | পরিশোধিত |
| ☐ | ফেব্রুয়ারি | ১,৩০০ ৳ | **PAY** ১,৩০০ ৳ |
| ☐ | মার্চ | ১,৯৫০ ৳ | **PAY** ৩,২৫০ ৳ (ফেব্রুয়ারি যোগে) |
| ☐ | এপ্রিল | ১,৬৫০ ৳ | **PAY** ৪,৯০০ ৳ (সব বকেয়া যোগে) |

⚠ গুরুত্বপূর্ণ নির্দেশনা:

- সর্বশেষ মাসের (সবচেয়ে বেশি টাকার) PAY বাটনে ক্লিক করুন।
- এতে পূর্বের সকল বকেয়াসহ সম্পূর্ণ পেমেন্ট একসাথে সম্পন্ন হবে।
- আগের মাসের PAY বাটনে চাপলে সেই পর্যন্তকার বকেয়া পরিশোধ হবে, পরের মাসের বকেয়া থেকে যাবে।

### ধাপ ৬: PAY বাটনে ক্লিক করুন

৯. সর্বশেষ মাসের (তালিকার সবচেয়ে নিচের) PAY বাটনে ক্লিক করুন।

১০. পেমেন্ট গেটওয়ে পাতায় চলে যাবেন।

### ধাপ ৭: পেমেন্ট মাধ্যম বেছে নিন

পেমেন্ট করার জন্য নিচের মাধ্যমগুলো পাওয়া যায়:

- জনতা ব্যাংক একাউন্ট
- ই-জনাতা অ্যাপ
- bKash / Nagad / Rocket (মোবাইল ব্যাংকিং)
- ডেবিট কার্ড / ক্রেডিট কার্ড (Visa, Mastercard)
- ইন্টারনেট ব্যাংকিং

### ধাপ ৮: পেমেন্ট সম্পন্ন করুন

১১. পছন্দের পেমেন্ট মাধ্যম বেছে নিন।

১২. প্রয়োজনীয় তথ্য (মোবাইল নম্বর বা কার্ড নম্বর, একাউন্ট নম্বর ইত্যাদি) দিন।

১৩. OTP বা PIN দিয়ে নিশ্চিত করুন।

১৪. "Confirm" বা "Pay" বাটনে চাপুন।

১৫. পেমেন্ট সফল হলে একটি নিশ্চিতকরণ বার্তা ও রশিদ নম্বর সহ রশিদ দেখাবে।

> 📌 *পেমেন্টের পর রশিদ ডাউনলোড করে, ছবি তুলে রাখুন বা স্ক্রিনশট, সেভ করে প্রিন্ট করে রাখুন।*

## ৮. সাধারণ সমস্যা ও সমাধান

| সমস্যা | সমাধান |
|---|---|
| Student ID দিলে তথ্য আসছে না | ID সঠিক কিনা যাচাই করুন; বিদ্যালয় অফিসে যোগাযোগ করুন |
| Captcha কাজ করছে না | পাতাটি Refresh করুন; ভিন্ন ব্রাউজার ব্যবহার করুন |
| পেমেন্ট ব্যর্থ হয়েছে | কিছুক্ষণ পর আবার চেষ্টা করুন; টাকা কাটা গেলে অফিসে জানান |
| টাকার পরিমাণ মিলছে না | বিদ্যালয়ের অ্যাকাউন্টস বিভাগে যোগাযোগ করুন |
| ওয়েবসাইট লোড হচ্ছে না | ইন্টারনেট সংযোগ পরীক্ষা করুন; পরে আবার চেষ্টা করুন |

## ৯. যোগাযোগ

যেকোনো সমস্যায় বিদ্যালয়ের অফিসে সরাসরি যোগাযোগ করুন:

| | |
|---|---|
| প্রতিষ্ঠান | St. Francis Xavier's Girls' School & College |
| ওয়েবসাইট | https://sfxgsc.edu.bd |
| অধ্যক্ষ | Sister Mabel Costa, RNDM |
| ঠিকানা | 85, Luxmibazar, Dhaka-1100 |
| টেলিফোন | 0222664175 |

> 📌 *পেমেন্ট সংক্রান্ত যেকোনো অভিযোগ বা ভুল তথ্যের জন্য সরাসরি বিদ্যালয়ের অফিসে আসুন।*

*এই নির্দেশিকা বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত। সেশন ২০২৬*